

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৫৭

১. পবিত্রতা (كتاب الطهارة)
পরিচ্ছেদঃ ১৯. কিবলামুখী হয়ে পায়খানায় বসা

بَابُ اسْتِقْبَالِ الْقِبْلَةِ فِي الْخَلَاءِ

আরবী

نَا أَبُو بَكْرِ النَّيْسَابُورِيُّ ، نَا مُحَمَّدُ بْنُ يَحْيَى ، نَا صَفْوَانُ بْنُ عِيسَى ، عَنِ الْحَسَنِ بْنِ ذَكْوَانَ ، عَنْ مَرْوَانَ الْأَصْفَرِ ، قَالَ : رَأَيْتُ ابْنَ عُمَرَ أَنَاخَ رَاحِلَتَهُ مُسْتَقْبِلَ الْقِبْلَةِ ، ثُمَّ جَلَسَ يَبُولُ إِلَيْهَا ، فَقُلْتُ : أَبَا عَبْدِ الرَّحْمَنِ ، أَلَيْسَ قَدْ نُهِيَ عَنْ هَذَا ؟ فَقَالَ : بَلَى ، إِنَّمَا نُهِيَ عَنْ ذَلِكَ فِي الْفَضَاءِ ، فَإِذَا كَانَ بَيْنَكَ وَبَيْنَ الْقِبْلَةِ شَيْءٌ يَسْتُرُكَ فَلَا بَأْسَ . هَذَا صَحِيحٌ كُلُّهُمْ ثِقَاتٌ

বাংলা

১৫৭(১). আবু বাকর আন-নায়সাপুরী (রহঃ) মারওয়ান আল-আসফার (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি ইবনে উমার (রাঃ)-কে কিবলার দিকে মুখ করে তার সওয়ারী বসাতে দেখলাম, তারপর তিনি কিবলার দিকে মুখ করে বসে পেশাব করেন। আমি তাকে বললাম, হে আবু আবদুর রহমান! এভাবে করতে কি নিষেধ করা হয়নি? তিনি বলেন, হাাঁ, উন্মুক্ত প্রান্তরে এভাবে করতে নিষেধ করা হয়েছে, তবে তোমার ও কিবলার মাঝে কোন পর্দা থাকলে আপত্তি নেই। এ হাদীস সহীহ এবং তার সমস্ত রাবী নির্ভরযোগ্য।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মারওয়ান আল-আসফার (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন